গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০০০.০১৪.৯৯.০০৩০.২৬.১১৮৭

তারিখ: ৯ ভাদ্র ১৪৩৩
২৪ আগস্ট ২০২৬

বিষয়: **বাংলাদেশ বেতারের আঞ্চলিক কেন্দ্রের ফেসবুক পেইজ/ ইউটিউব চ্যানেলসমূহে গুণগত মানসম্পন্ন কন্টেন্ট সংখ্যা বৃদ্ধির মাধ্যমে ফলোয়ার/সাবস্ক্রাইবার সংখ্যা বৃদ্ধি ও মাসিক রেভেনিউ বর্ধিতকরণের উদ্যোগ জোরদারকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ালোকে জানানো যাচ্ছে যে- সোশ্যাল ও নিউমিডিয়ায় বাংলাদেশ বেতারের কর্মকান্ড দৃঢ় ও যুগোপযোগী করার লক্ষ্যে ফেসবুক ও ইউটিউবে ঢাকা কেন্দ্র সহ বিভিন্ন আঞ্চলিক কেন্দ্রের একাধিক পেইজ/চ্যানেলে নিয়মিতভাবে কন্টেন্ট প্রচারিত হচ্ছে। এরই ধারাবাহিকতায় ইউজার এঙ্গেজমেন্ট ও পেইজের ভিয়ারশিপ অধিকতর বৃদ্ধির লক্ষ্যে গুণগত মানসম্পন্ন কন্টেন্ট সংখ্যা আরো বাড়ানোর মাধ্যমে ফলোয়ার/সাবস্ক্রাইবার সংখ্যা বৃদ্ধি ও মাসিক রেভেনিউ বর্ধিতকরণের উদ্যোগসমূহ জোরদার করা প্রয়োজন। উল্লেখ্য, নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় ও সংসদ থেকে সময়ে সময়ে নিউমিডিয়ায় বাংলাদেশ বেতারের কার্যক্রম সম্পর্কে তথ্য চাওয়ার প্রেক্ষিতে প্রতিষ্ঠানের সার্বিক তথ্যের পাশাপাশি স্বতন্ত্র কেন্দ্র/ইউনিটসমূহের কার্যক্রম সম্পর্কেও উর্ধ্বতন কর্তৃপক্ষকে নিয়মিতভাবে অবহিত করা হয়ে থাকে। প্রেক্ষিতে, কেন্দ্রীয় পেইজসহ সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের পেইজ/চ্যানেলসমূহের কর্মকান্ড ও অর্জন আরও দৃশ্যমান ও সন্তোষজনক পর্যায়ে উন্নীত করা প্রয়োজন।

০২। উল্লিখিত লক্ষ্য অর্জনে যেসব কেন্দ্র/ইউনিটের ফেসবুক পেইজের ফলোয়ার সংখ্যা বর্তমানে ৫০,০০০ এর নীচে রয়েছে, সেসব কেন্দ্র/ইউনিটের জন্য সময়াবদ্ধ ও অর্জনযোগ্য বিশেষ কৌশলগত পরিকল্পনা প্রণয়ণপূর্বক আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে ফলোয়ার সংখ্যা ৫০,০০০ জনে উন্নীতকরণের পাশাপাশি সেন্ট্রাল আইসিটি এন্ড নিউমিডিয়া সেল-এর সহায়তায় সংশ্লিষ্ট পেইজসমূহের মনেটাইজেশন, বিজনেস ম্যানেজার ও পে-আউট সেটের উদ্যোগ গ্রহণের অনুরোধ জানানো হলো। এক্ষেত্রে, প্রতিটি কেন্দ্রের প্রেক্ষাপট অনন্য ও ভিন্ন ভিন্ন হওয়ায় ফলোয়ার সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিট মুখ্য ভূমিকা পালন করবে, এবং সদর দপ্তরের সেন্ট্রাল আইসিটি এন্ড নিউমিডিয়া সেল প্রয়োজন/চাহিদা অনুযায়ী কারিগরী পরামর্শ প্রদান করবে।

০৩। এছাড়া, উল্লিখিত লক্ষ্য অর্জনে গত ০৩.০২.২০২৬ খ্রি. তারিখের ১৫.৫৩.০০০০.০০০.০১৪.৯৯.০০৩০.২৬.৪০০ সংখ্যক পত্রের ধারাবাহিকতায় নিয়মিত সময়ের পাশাপাশি দাপ্তরিক সময়সীমা ৯টা-৪টার বাইরে ও সাপ্তাহিক/সরকারি ছুটির দিনগুলোয় সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের স্ব স্ব ফেসবুক পেইজে/ইউটিউব চ্যানেলে কন্টেন্ট আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

২৪-০৮-২০২৬
ড. মোহাম্মদ হারুন অর রশিদ
পরিচালক (নিউমিডিয়া)

সদয় অবগতিকল্পে/কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলী এর দপ্তর, বাংলাদেশ বেতার , ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক অনুষ্ঠান, বাংলাদেশ বেতার।
৩। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার।

৪। পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ বেতার।

৫। পরিচালক, অনুষ্ঠান/ বাংলাদেশ বেতার,ঢাকা/ লিয়াজোঁ/ শিক্ষা/ সংগীত/ কৃষি বিষয়ক কার্যক্রম/ জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/ কেন্দ্রীয় বার্তা সংস্থা/ মনিটরিং পরিদপ্তর/ বাণিজ্যিক কার্যক্রম/ ট্রান্সক্রিপশন সার্ভিস/ বহির্বিশ্ব কার্যক্রম/বাংলাদেশ বেতার, চট্টগ্রাম।

৬। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী/সিলেট/ রংপুর/খুলনা/বরিশাল/ কক্সবাজার/বান্দরবান/ ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।

৮। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।

৯। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/ রাজশাহী/সিলেট/ রংপুর/খুলনা/বরিশাল/ কক্সবাজার/বান্দরবান/ ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।

১০। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে), বাংলাদেশ বেতার, সদর দপ্তর , আগারগাঁও, ঢাকা।

১১। সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের নিউ মিডিয়ার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ................................................................................।